

বগুড়ার কাগজ

১৬ অক্টোবর, ২০১৮ (মঙ্গলবার) ০১ কাৰ্তিক, ১৪২৫

বগুড়ায় বিশ্ব হাত ধোয়া ও গণিত উৎসব

বগুড়া যুব রেড ক্রিসেন্ট দল, স্কাউট ও গার্ল-ইন-স্কাউট দলের উদ্যোগে গতকাল বগুড়ায় 'বিশ্ব হাত ধোয়া দিবস' উদযাপিত হয়েছে। এ উপলক্ষে আরডিএ ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজে র্যালির মাধ্যমে দিবসের কার্যক্রম শুরু হয়। র্যালিতে নেতৃত্ব দেন আরডিএ বগুড়ার ভারপ্রাপ্ত মহাপরিচালক নারগিস জাহান। উৎসবমুখর পরিবেশে স্কুল শিক্ষার্থীরা দর্শনার্থীদের হাত ধোয়ার মাধ্যমে দিবসটি পালন করে। এতে আরডিএ ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের প্রাথমিক শাখার শিক্ষার্থী, শিক্ষক ও বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারী অংশ নেন।

এ ছাড়া আরডিএ ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজে গণিতের তাত্ত্বিক ও প্রায়োগিক দিককে শিক্ষার্থীদের সামনে সহজবোধ্য করার উদ্দেশ্যে নিয়ে আয়োজন করা হয় আকর্ষণীয় অনুষ্ঠান 'গণিত উৎসব'। ষষ্ঠ থেকে দশম শ্রেণির শিক্ষার্থীরা উৎসবে অংশ নেয়। তৃতীয় থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা গুরুমাত্রা উৎসব উপভোগ করে। পার্শ্ববর্তী ১৫টি স্কুল এবং মাদ্রাসার শিক্ষার্থী এবং শিক্ষকরা গণিত উৎসব পরিদর্শন করেন। উৎসবের উদ্বোধন করেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (ভারপ্রাপ্ত) নারগিস জাহান। বিজ্ঞপ্তি।